

তারিখ ... DEC. 23 1999 ...

পৃষ্ঠা 2 কলাম 2.....

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ডিসেম্বরের বেতনের চেক ব্যাংকে হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ডিসেম্বরের বেতন-ভাতার সরকারী অংশের টাকার চেক গতকাল বুধবার বিশেষ স্মারকে অনুদান বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হইয়াছে। আগামী ৬ই জানুয়ারীর মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হইতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করিবার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হইয়াছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্থ বৎসরের পূর্ববর্তী মাসের (জুন হইতে নভেম্বর) টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করিতে পারেন নাই তাহারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে আগামী ৯ই ফেব্রুয়ারীর মধ্যে পূর্বের টাকা উত্তোলন করিতে পারিবেন।-তথ্য বিবরণী